১-৭ আগস্ট ২০২৩, বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ। এবারের প্রতিপাদ্য- কর্মজীবী মা-বাবার সহায়ক পরিবেশ গড়ি, মাতৃদুগ্ধ পান নিশ্চিত করি।

## Theme for 2023 August (1-7):

Enabling Breastfeeding-Making a difference for working partners

গত ৬ আগঁন্ট, ২০২৩ রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ- ২০২৩ এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের মাননীয় সচিব ড. মুঃ আনোয়ার হোসেন হাওলাদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম, স্বাস্থ্য সেবা বিভাগে অতিরিক্ত সচিব (প্রশাসন ও বিশ্বস্বাস্থ্য) জনাব সাইদুর রহমান, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য অনুবিভাগ) জনাব ডা. মোঃ আখতারুজ্জামান। এছাড়া স্বাস্থ্য মন্ত্রণালয় ও স্বাস্থ্য অধিদপ্তরের অন্যান্য উর্ধাতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন জাতীয় পুষ্টিসেবার লাইন ডাইরেক্টর অধ্যাপক ডা. মিজানুর রহমান। "কর্মজীবী মা- বাবার সহায়ক পরিবেশ গড়ি, মাতৃদুগ্ধ পান নিশ্চিত করি"- এই প্রতিপাদ্য নিয়ে বিশ্বব্যাপী একযোগে পালিত হচ্ছে বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ।